

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নেত্রকোণা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়  
উপজেলা পরিষদ নির্বাচন  
[www.netrokona.gov.bd](http://www.netrokona.gov.bd)

নির্বাচন অগ্রাধিকার  
অতীত জরুরী

স্মারক নং- ০৫.৪৫.০০২.০০.০০২.৭২০০.২৪- ২৬৭

তারিখঃ ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী সংযোজিত তফসিলে বর্ণিত নেত্রকোণা সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে-

রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২১ এপ্রিল ২০২৪ ০৮ বৈশাখ ১৪৩১	রবিবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৩ এপ্রিল ২০২৪ ১০ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২৪-২৬ এপ্রিল ২০২৪ ১১-১৩ বৈশাখ ১৪৩১	বুধবার-শুক্রবার
আপিল নিষ্পত্তি	:	২৭-২৯ এপ্রিল ২০২৪ ১৪-১৬ বৈশাখ ১৪৩১	শনিবার-সোমবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	৩০ এপ্রিল ২০২৪ ১৭ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
প্রতীক বরাদ্দ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
ভোটগ্রহণের তারিখ	:	২১ মে ২০২৪ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১	মঙ্গলবার

ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে

০২। এক্ষণে, সেহেতু, আমি রাফিকুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নেত্রকোণা ও রিটার্নিং অফিসার, নেত্রকোণা সদর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪, উক্ত বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, নেত্রকোণা সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/ ০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

০৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) প্রবেশ করে বাম পাশে ম্যানুয়ালি 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে ([https:// onss.ecs.gov.bd](https://onss.ecs.gov.bd)) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

তারিখঃ ০ ২ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

(রাফিকুজ্জামান)  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
নেত্রকোণা


ও  
রিটার্নিং অফিসার  
নেত্রকোণা সদর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
০২৯৯৮৮২৭২১৭

স্মারক নং- ০৫.৪৫.০০২.০০.০০২.৭২০০.২৪- ২৮৭

তারিখঃ ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ৫। জেলা প্রশাসক, নেত্রকোণা ও আপিল কর্তৃপক্ষ, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
- ৬। পুলিশ সুপার, নেত্রকোণা
- ৭। জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ড, পৌরসভা, ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড এবং প্রকাশ্য স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে টাঙ্কিয়ে বহুল প্রচারের অনুরোধসহ)
- ৯। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা
- ১০। জেলা তথ্য অফিসার, নেত্রকোণা (বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ১১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নেত্রকোণা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা (বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ড টাঙ্কিয়ে দেওয়ার অনুরোধসহ)
- ১৩। অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর থানা, নেত্রকোণা
- ১৪। সভাপতি/সম্পাদক জেলা প্রেসক্লাব, নেত্রকোণা
- ১৫। সভাপতি/সম্পাদক উপজেলা প্রেসক্লাব, নেত্রকোণা সদর, নেত্রকোণা
- ১৬। অফিস কপি।

  
০২/০৪/২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
নেত্রকোণা

ও

রিটার্নিং অফিসার

নেত্রকোণা সদর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪